



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ উদযাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ মার্চ ২০২৩খ্রিঃ

“ডিজিটাল পদ্ধতি ও উদ্ভাবন জেডার বৈষম্য করবে নিরসন” এ প্রতিপাদ্যকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হয়েছে ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২৩’। দিবসটি উপলক্ষে সকাল ১১ টায় শেখ হাসিনা হলের সম্মুখে বেলুন ও ফেস্টুন উড়িয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২৩’ এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, শিক্ষকমন্ডলী, শেখ হাসিনা হল ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থীসহ হলের কর্মকর্তা ও কর্মচারীগণ। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, বাংলাদেশকে সামনের দিকে এগিয়ে নিতে যেতে হলে সবথেকে বেশি প্রয়োজন হচ্ছে নারী জাগরণ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের সকল ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ ও তাদের সমঅধিকার নিশ্চিত করতে হবে। নারীদেরকে তাদের অধিকারের বিষয়ে সচেতন হতে হবে। সকল প্রকার জড়তা ও প্রতিবন্ধকতা কাটিয়ে সামনে এগিয়ে যেতে হবে। তাদের সাথেই এগিয়ে যাবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ। এছাড়াও আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে শেখ হাসিনা হল ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের যৌথ আয়োজনে সকাল ১১.১৫ টায় একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রায় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন, আইন অনুষদের ডিন সুপ্রভাত হালদার, শেখ হাসিনা হলের প্রাধ্যক্ষ ড. রেহানা পারভীন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের প্রাধ্যক্ষ তাসনুভা হাবিব জিসান, প্রক্টর ড. খোরশেদ আলমসহ অন্যান্যরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবন-১ এর সামনে শেষ হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস